



স্মারক নং-০৭.০০.০০০০.১০৯.২০.০০২.২০-১৪৪

তারিখঃ ২৭ কার্তিক, ১৪২৭
১২ নভেম্বর, ২০২০


পরিপত্র

বিষয়: সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও সরকারের অন্যান্য কার্যক্রমের নগদ অর্থ Mobile Financial Services এর মাধ্যমে বিতরণের জন্য একটি অভিন্ন ক্যাশ আউট চার্জ নির্ধারণ।

সরকার সামাজিক নিরাপত্তা কর্মসূচির আওতায় প্রতিবছর উল্লেখযোগ্য সংখ্যক সামাজিক নিরাপত্তা কার্যক্রম/প্রকল্প/কর্মসূচি বাস্তবায়ন করে থাকে। এসকল সামাজিক নিরাপত্তা কর্মসূচির মধ্যে বিভিন্ন প্রকারের ভাতা, সম্মানী, বৃত্তি, উপবৃত্তি ইত্যাদি কার্যক্রমের ক্ষেত্রে নগদ অর্থ সুবিধাভোগীদের নিকট বিতরণ করা হয়। এছাড়া, সরকারের অন্যান্য কার্যক্রমেও নগদ অর্থ সুবিধাভোগীদের নিকট পৌঁছানোর প্রয়োজন হয়। এসকল নগদ অর্থ সময়মত নিরবচ্ছিন্নভাবে সুবিধাভোগীদের নিকট পৌঁছে দেয়া সরকারের অন্যতম লক্ষ্য। এ লক্ষ্যকে সামনে রেখে সরকার ইতোমধ্যে নগদ অর্থ সরকারি কোষাগার থেকে Government to Person (G2P) পদ্ধতি অনুসরণপূর্বক Mobile Financial Services এর মাধ্যমে সরাসরি উপকারভোগীদের নিকট বিতরণের বিষয়টি অগ্রাধিকার প্রদান করেছে। এ প্রেক্ষাপটে সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও সরকারের অন্যান্য কার্যক্রমের নগদ অর্থ Mobile Financial Services এর মাধ্যমে বিতরণের জন্য একটি অভিন্ন ক্যাশ আউট চার্জ নির্ধারণের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এ অবস্থায়, সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও অন্যান্য কার্যক্রমের নগদ অর্থ Mobile Financial Services এর মাধ্যমে বিতরণের জন্য সরকার কর্তৃক নিম্নোক্তভাবে একটি অভিন্ন ক্যাশ আউট চার্জ নির্ধারণ করা হয়েছে:

- (ক) সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও সরকারের অন্যান্য কার্যক্রমের নগদ অর্থ Mobile Financial Services এর মাধ্যমে বিতরণের জন্য অভিন্ন ক্যাশ আউট চার্জ (Cash Out Charge) ০.৭০ (শূন্য দশমিক সাত) শতাংশ;
- (খ) সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও সরকারের অন্যান্য কার্যক্রমের নগদ অর্থ Mobile Financial Services এর মাধ্যমে বিতরণের ক্ষেত্রে বিতরণকারী সকল মন্ত্রণালয়/বিভাগ এ অভিন্ন ক্যাশ আউট চার্জ অনুসরণ করবে; এবং
- (গ) মন্ত্রণালয়/বিভাগসমূহ সামাজিক নিরাপত্তা কর্মসূচি ও সরকারের অন্যান্য কার্যক্রমের নগদ অর্থ বিতরণের জন্য Mobile Financial Services এর অপারেটর নির্ধারণ, অপারেটর এর কার্যপরিধি সুনির্দিষ্টকরণ এবং তা যথাযথভাবে মনিটরিং করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পরিপত্র জারি করা হলো।


(মেহেদী মাসুদজামান)
উপসচিব
☎ ৯৫৫ ৮৫ ৮৮
E-mail: mahedim@finance.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা।
৪. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা।
৫. সিনিয়র সচিব/সচিব, মন্ত্রণালয়/বিভাগ।
৬. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুন বাগিচা, ঢাকা।
৭. জাতীয় কর্মসূচি পরিচালক, SPFMS কর্মসূচি, অর্থ বিভাগ।
৮. নির্বাহী পরিচালক, SPFMSP প্রকল্প, অর্থ বিভাগ।
৯. অর্থ বিভাগের সকল কর্মকর্তাবৃন্দ।